



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
শেরপুর, বগুড়া।
ucf.sherpur.bgr@gmail.com
www.dgfood.gov.bd



স্মারক নং- ১৩.০৪.১০৮৮.০০০.০৯.০০৯.২৪.৯৭৮

তারিখ: ০৩/০৭/২০২৫ খ্রি:।

বিষয়ঃ সারাদেশে খাদ্যবান্ধব কর্মসূচির উপকারভোগীর সংখ্যা বর্ধিতকরণ প্রসঙ্গে।

সূত্রঃ খাদ্য মন্ত্রণালয়ের ২৯/০৬/২০২৫ খ্রি. তারিখের ১৮৩ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় শেরপুর উপজেলায় সর্বমোট উপকারভোগীর সংখ্যা ১৪,৩৭১ জন বিদ্যমান রয়েছে। সূত্রস্থ স্মারকে অত্র উপজেলায় ৭০০ জন উপকারভোগী নতুন করে বর্ধিত করার অনুমোদন প্রদান করা হয়েছে। তৎপ্রেক্ষিতে শেরপুর উপজেলার ১০ টি ইউনিয়নে ৭০ জন করে মূল তালিকা এবং ৩০ জন করে অপেক্ষমাণ তালিকা প্রস্তুত করা প্রয়োজন। নতুনভাবে উপকারভোগীর তালিকা প্রস্তুত করার সময় খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪ এর ৩ নং অনুচ্ছেদে বর্ণিত উপকারভোগীর পরিবার বাছাই বিষয়ক নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করতে হবে।

৩.৪ নির্বাচিত পরিবারকে ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং পরিবার প্রধানের জাতীয় পরিচয়পত্র থাকতে হবে;

৩.৬ যাদেরকে অন্তর্ভুক্ত করা যাবে-

- (১) গ্রামে বসবাসরত সবচেয়ে হতদরিদ্র পরিবার: নিম্ন আয়ের মানুষ, ভূমিহীন, কৃষি শ্রমিক, দিনমজুর, উপার্জনে অক্ষম;
- (২) বিধবা/তালকপ্রাপ্তা/স্বামী পরিত্যক্তা/অস্বচ্ছল বয়স্ক নারী প্রধান পরিবার এবং যে সব দুঃস্থ পরিবারে শিশু বা প্রতিবন্ধী রয়েছে তারা অগ্রাধিকার পাবে।

যাদেরকে অন্তর্ভুক্ত করা যাবে না-

- (১) একই পরিবারের একাধিক ব্যক্তিকে তালিকাভুক্ত করা যাবে না;
- (২) ভিডরিউবি কর্মসূচির সুবিধাপ্রাপ্তদেরকে তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে না;

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনা পরিপালনপূর্বক নির্ধারিত ছকে উপকারভোগীর তালিকা প্রস্তুতপূর্বক ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটির স্বাক্ষরিত ০২ (দুই) সেট হার্ডকপি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে এবং সফটকপি ই-মেইল (ucf.sherpur.bgr@gmail.com) এর মাধ্যমে আগামী ১৫/০৭/২০২৪ তারিখের মধ্যে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।


সংযুক্ত: তথ্যপূরণ ফরম্যাট।

প্রাপক,

চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান

..... ইউপি

শেরপুর, বগুড়া।


০৩/০৭/২৫
(মোঃ আব্দুল হান্নান সেখ)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

শেরপুর, বগুড়া।

তারিখ: ০৩/০৭/২০২৫ খ্রি:।

স্মারক নং- ১৩.০৪.১০৮৮.০০০.০৯.০০৯.২৪.৯৭৮/১০(৯)

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য -

- ০১। জেলা প্রশাসক, বগুড়া ও সভাপতি, জেলা খাদ্যবান্ধব কমিটি, বগুড়া।
- ০২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া ও সদস্য-সচিব, জেলা খাদ্যবান্ধব কমিটি, বগুড়া।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর, বগুড়া ও সভাপতি, উপজেলা খাদ্যবান্ধব কমিটি।
- ০৪। উপজেলা কৃষি কর্মকর্তা, শেরপুর, বগুড়া ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি।
- ০৫। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শেরপুর, বগুড়া ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি।
- ০৬। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, শেরপুর, বগুড়া ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি।
- ০৭। উপজেলা শিক্ষা কর্মকর্তা, শেরপুর, বগুড়া ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি।
- ০৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শেরপুর, বগুড়া ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি।
- ০৯। সংরক্ষণ নথি।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
শেরপুর, বগুড়া।

